



## ঠাকুরগাঁওয়ে ফিল্মি স্টাইলে পুলিশের অভিযান, দুই মাদক ব্যবসায়ী আটক



সংগৃহীত ছবি

ঠাকুরগাঁও শহরে পুলিশের ফিল্মি স্টাইলে অভিযান চালিয়ে দুই মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। তাদের কাছ থেকে ৭০০ পিস ইয়াবা ও একটি মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে।

ঠাকুরগাঁও শহরের অপরাজেয় ৭১ এলাকায় রোববার (২১ সেপ্টেম্বর) বিকেলে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ ফিল্মি কায়দায় অভিযান পরিচালনা করে। এ সময় দুই মাদক ব্যবসায়ী—হাজীপাড়া এলাকার রফিকুল ইসলাম ও বালিয়াডাঙ্গী উপজেলার জিয়াখোর গ্রামের হাসিবুল ইসলাম—আটক হন।

পুলিশ জানায়, অভিজুজরা পালানোর চেষ্টা করলে ধাওয়া-পাল্টা ধাওয়ার সময় ধস্তাধস্তির ঘটনা ঘটে। শেষ পর্যন্ত পুলিশ তাদের ধরে ফেলে এবং কাছ থেকে ৭০০ পিস ইয়াবা ও একটি মোটরসাইকেল জব্দ করে।

অভিযানের সময় স্থানীয়দের মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়। অনেকেই ঘটনাটি মোবাইলে ধারণ করেন, যা পরে সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়ে যায়।

স্থানীয়রা পুলিশের এই মাদকবিরোধী উদ্যোগকে স্বাগত জানিয়েছেন এবং বলছেন, এ ধরনের অভিযান তাদের জীবনে নিরাপত্তা বোধ বৃদ্ধি করছে।

ঠাকুরগাঁও পুলিশ সুপার জানিয়েছেন, আটক আসামিদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে এবং ভবিষ্যতেও মাদকবিরোধী অভিযান জোরদার করা হবে।